দৈনিক খবর

তারিখ 15 NOV 1991 ... পৃষ্ঠা ৬ ... কলাম ৪

66

45

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# শিবির আরেকটি বৈঠক বানচাল করে দিয়েছে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ১৪ই নভেম্বর (সংবাদদাতা)।– ইসলামী ছাত্র শিবিরের কর্মীরা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের আরো একটি সভা বানচাল করে দিয়েছে। আজ বৃহস্পতিবার বেলা ১১টায় উপাচার্য ভবনে এই সিন্ডিকেট সভা হওয়ার কথা ছিল। প্রধান আলোচ্য বিষয় ছিল সরকার ঘোষিত জাতীয় বেতন স্কেল ১৯৯১-এর অনুমোদন এবং বাস্তবায়ন বিষয়ে বিবেচনা। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী অতীতে সকল সময়ে জাতীয় বেতন স্কেল সিন্ডিকেটের অনুমোদনের মাধ্যমেই বাস্তবায়ন করা হয়েছে। দেশের সকল বিশ্ববিদ্যালয়ে একই নিয়ম পালিত হয়।

আজ ভোরে শিবির কর্মীরা বিশ্ববিদ্যালয়ের গেটে তালা মারে এবং ক্যাম্পাসে সকল প্রকারের ছোট গাড়ী চলাচল নিষিদ্ধ ঘোষণা করে। এর পরপরই তারা উপাচার্য ভবনের ফটকে প্রহরা বসায় এবং সভায় অংশগ্রহণ করতে আসা সিন্ডিকেট সদস্যদের অস্ত্রের মুখে ফিরে যেতে বাধ্য করে। উল্লেখ্য, গত এক বছর ধরে ছাত্র শিবির উপাচার্যের পদত্যাগ দাবী করে আসছে এবং পদত্যাগ না করা পর্যন্ত তাদের এই সন্ত্রাসী কর্মসূচী অব্যাহত থাকবে বলে ঘোষণা করেছে।

গতকাল রাতে শিবিরের কর্মীরা আবাসিক হলসমূহে এক ঝটিকা হামলা চালিয়ে জাতীয়তাবাদী ছাত্রদলের নেতা কর্মীদের প্রহার করে এবং হল ত্যাগে বাধ্য করেছে।